

ST. XAVIER'S SCHOOL PURULIA
SUB : BENGALI LIT.
CLASS : IX PHASE : I

গিন্নি (রবীন্দ্রনাথ ঠাকুর)

লেখক পরিচিতি

- a) ১৯০১ সালে শান্তিনিকেতনে ব্রহ্মচর্যশ্রম প্রতিষ্ঠা করেন।
- b) ১৯১৩ সালে গীতাঞ্জলি কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের জন্য তিনি সাহিত্য নোবেল পুরস্কার লাভ করেন।
- c) তাঁর লেখা ছোট গল্পের নাম হল- কাবুলিওয়ালা, ছুটি, পোস্টমাস্টার।

মূলভাবঃ- ছাত্রবৃত্তি ক্লাসের দুই-তিনি শ্রেণী নীচে বদমেজাজী, কটুভাষী, যমসম শিক্ষক ছিলেন শিবনাথ পন্ডিত। একদিকে তিনি যেমন চারাগাছ সম ছাত্রদের উপর শিলাবৃষ্টির ন্যায় কিল, চড়, চাপড় প্রয়োগ করতেন অপরদিকে তেমনি তার ইতর বাক্য বানে ছাত্রদের প্রাণ বাহিরে বেরিয়ে আসত। এছাড়াও তার আর একটি নিদারণ অন্তর্ভুক্ত ছিল ছাত্রদের নতুন নামকরণ এবং এই স্বভাববশতই গল্পকথকের সহপাঠী লাজুক প্রকৃতির ছেলে আশুর নামকরণ করেন গিন্নি। গ্রহণের ছুটির দিন বোনের সাথে পুতুল খেলাকে কেন্দ্রকরে যমসম শিবনাথ পন্ডিত গ্রহণের ছুটির পরের দিন তার এই নামকরণ করেন গিন্নি। পন্ডিতমশাই ঘটনাটিকে সামান্য ব্যাপার ও মজার উপাদানে রূপান্তরিত করলেও তা যে ক্ষুদ্র বালক আশুর বিপুল মনকষ্টের কারণ হতে পারে তা অনুভব করা তার পক্ষে সঙ্কৰ ছিল না।

শব্দার্থঃ- হুস্ত- ছোট, অন্তরাত্মা- মনের ভিতর, বর্ষিত- বরে পড়া, বাক্যজন্মলা- কটুকথা, আক্ষেপ- বিলাপ, বিলম্ব- দেরি, অপ্রতিভ- অপ্রস্তুত, অধিসিক্ত- অর্ধেক ভেজা, উপহাস- ঠাট্টা, রাষ্ট্র- প্রচার, উপেক্ষিত- অবজ্ঞা, উন্মুখ- উৎসুক।

প্রশ্নঃ-

“কিন্তু এটা বেশ বুঝা গিয়েছিল, নরদেবতার মত বালাই আর নাই”

- a) উদ্ভৃতাংশটির বক্তা কে ?
- b) নরদেবতা বলতে- কাদের বোঝান হয়েছে ?
- c) কোন প্রসঙ্গে কথাটির বলা হয়েছে?
- d) নরদেবতাকে বালাই বলা হয়েছে কেন ? [2+2+3+3=10]

উত্তরঃ-

- a) উদ্ভৃতাংশটির বক্তা হলেন গিন্নি গল্পের গল্পকথক যিনি একসময় লাজুক প্রকৃতির ছেলে আশুর সহপাঠী ছিলেন।
- b) নরদেবতা বলতে বদমেজাজী, কটুভাষী শিবনাথ পন্ডিত এবং তদ্রূপ শিক্ষকদের বোঝানো হয়েছে।
- c) বদমেজাজী কটুভাষী শিবনাথ পন্ডিত চারাগাছ সদৃশ বালকদের উপর অব্যথা অত্যাচার করতেন এবং তিনি আক্ষেপ করতেন পুরাকালের মতন ছাত্ররা শিক্ষকদের কে আর সম্মান করে না। তাই নিজের দেবমহিমা শারীরিক ও মানসিক অত্যাচারের মাধ্যমে ছাত্রদের মাথার মধ্যে ঢোকাবার চেষ্টা করতেন। বালকেরা বাধ্য হয়েই তাঁকে দেবতারূপে স্বীকার করত কিন্তু বালকেরা তাকে ইন্দ্র-চন্দ্র-বরংণের সাথে তুলনা না করে তাঁর আচরণের জন্য মৃত্যুর দেবতা যমের সাথে তুলনা করত। যমরূপী শিবনাথ পন্ডিতের মত নরদেবতা এবং ইন্দ্র-চন্দ্র-বরংণের ন্যায় স্বর্গের দেবতার মধ্যে তুলনা প্রসঙ্গেই গল্পকথক এই উক্তিটি করেছেন।

d) ‘বালাই’ কথার অর্থ হল আপদ বা ঝামেলা গল্পকথক শিবনাথ পন্ডিতের মত নরদেবতাদের আপদ বলেছেন। কারণ স্বর্গের দেবতা ইন্দ্র-চন্দ্র-বরণ খুবই শান্ত প্রকৃতির। এনারা তাদের ভূমির কাছে অতিরিক্ত কিছু প্রত্যাশা করেন না। সামান্য গাছের একটি ফুলেই এনারা সন্তুষ্ট, না দিলে তাগাদাও করতে আসেন না। কিন্তু শিবনাথ পন্ডিতের মত নরদেবতাদের চাহিদা অনেক বেশি আর এই চাহিদা পূরণে সামান্য ভুল হলেই তাঁরা রেগে যান এবং চোখ লাল করে তেড়ে আসেন। তাই গল্প কথক নরদেবতাদের বালাই বলেছেন।

বাড়ীর কাজ

1) ‘তাঁকে দেখিলেই বালকদের অন্তরাত্মা শুকাইয়া যাইত’- [2+2+3+3=10]

- a) ‘তাঁকে’ বলতে কার কথা বোঝান হয়েছে ?
- b) ‘অন্তরাত্মা’ কথাটির অর্থ কী ? বালকরা কোন শ্রেণীর ছাত্র ছিল ?
- c) তাঁকে দেখলে বালকদের অন্তরাত্মা শুকিয়ে যাওয়ার কারণ কী ?
- e) উন্নিষ্ঠ ব্যক্তির চরিত্রের পরিচয় দাও।

2) ‘বালকদের পীড়ন করিবার জন্য আমাদের শিবনাথ পন্ডিতের একটি অন্ত ছিল।’ [2+2+3+3=10]

- a) শিবনাথ পন্ডিত কে ?
- b) পন্ডিতের শারীরিক বর্ণনা দাও।
- c) এখানে কোন অন্তের কথা বলা হয়েছে ? এটি ছাড়াও আরো কী ভাবে তিনি ছাত্রদেরে উপর অত্যাচার করতেন ?
- d) অন্তটিকে যৎসামান্য কিন্তু নিরামণ বলা হয়েছে কেন ?

3) ‘সেইজন্য মাঝে মাঝে তাহার লাঙ্ঘনার সীমা থাকিত না’ [2+2+3+3=10]

- a) উদ্বৃত্তাংশটিতে কার কথা বলা হয়েছে ?
- b) কে তাকে লাঙ্ঘনা করত ?
- c) কেন তার লাঙ্ঘনার সীমা থাকত না ? লাঙ্ঘনার শিকার হয়ে তাকে কী করতে হত ?
- d) লাঙ্ঘিত শিশুটির স্বভাবের পরিচয় দাও।

4) ‘কিন্তু সেই দিনকার বালক হৃদয়ের ইতিহাসের সহিত কোনদিনের তুলনা হইতে পারে না।’

- a) এখানে কোনদিনের কথা বলা হয়েছে ? [2+2+3+3=10]
- b) বালকটির পরিচয় দাও।
- c) এদিনের ইতিহাসটি সংক্ষেপে বর্ণনা কর।
- d) অন্যদিনের সাথে এই ইতিহাসের তুলনা করা যায় না কেন ?

Writing Skill

1. Covid - 19- এর কারণে অনিদিষ্ট কালের জন্য তুষি গৃহবন্দী। এই অনিচ্ছাকৃত ছুটিতে বাড়ীতে বসে তুষি কেমন ভাবে কাটাচ্ছ সে কথা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

2. প্রবন্ধ- একটি বৃদ্ধাশ্রমের আত্মকথা।

ব্যাকরণ

বই থেকে মুখ্যস্ত করবে।

- a) এক কথায় প্রকাশ- অ থেকে গ পর্যন্ত
- b) সমোচারিত ভিন্নার্থক শব্দ- অ থেকে দ পর্যন্ত।
- c) বাগধারা - অ থেকে গ পর্যন্ত।

(বইঃ- ভাষা প্রসঙ্গ)